

## বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

আঞ্চলিক কার্যালয়ঃ ঘাটুরা, ব্রাহ্মণবাড়িয়া

### অবৈধভাবে গ্যাস ব্যবহার রোধ ও লিকেজ মেরামতে সচেতনতামূলক বিজ্ঞপ্তি

বিজিডিসিএল এর আওতাধীন ব্রাহ্মণবাড়িয়া এলাকায় অবৈধ গ্যাস সংযোগ বিচ্ছিন্নকরণ কার্যক্রম ও লিকেজ সনাক্তকরণ কাজ চলমান রয়েছে। পরীক্ষিত রাইজারের মধ্যে প্রায় ৫৭% রাইজারে গ্যাস লিকেজ সনাক্ত হয়েছে। সনাক্তকৃত রাইজারের মধ্যে ২০% রাইজারে লিকেজ মেরামত সম্পন্ন হয়েছে। অবশিষ্ট মেরামতযোগ্য প্রায় ৮০% রাইজারের লিকেজ যথাসময়ে মেরামত না হওয়ায় এবং অবৈধভাবে গ্যাস ব্যবহারের কারণে বিদেশ হতে আমদানীকৃত মূল্যবান এলএনজি গ্যাসের অপচয় হচ্ছে এবং সরকার বিপুল পরিমাণ রাজস্ব হারাচ্ছে। ফলশ্রুতিতে, বিজিডিসিএল এর বৈধ গ্রাহকরা কাঙ্ক্ষিত চাপে গ্যাস সরবরাহ হতে বঞ্চিত হচ্ছে এবং ব্রাহ্মণবাড়িয়ার কিছু কিছু এলাকায় গ্যাসের স্বল্প চাপ বিরাজ করছে। এহেন পরিস্থিতির উন্নতিকল্পে, আপনার হাউজলাইনে লিকেজ পাওয়া গেলে বিজিডিসিএল এর তালিকাভুক্ত ঠিকাদারের মাধ্যমে লিকেজ মেরামত করুন, অন্যথায় গ্যাস বিপণন নিয়মাবলী -২০১৪ ও গ্যাস আইন-২০১০ অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে। অবৈধ গ্যাস ব্যবহার রোধে বিজিডিসিএল-কে তথ্য প্রদানপূর্বক সার্বিক সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো।

### আপনার সচেতনতাই পারে বড় ধরনের দুর্ঘটনা হতে রক্ষা করতে

জরুরী যোগাযোগঃ ব্রাহ্মণবাড়িয়া-০১৭৭০-৭০১৪৩৬, আশুগঞ্জ -০১৭৪৬-১৮৪৮৪; হটলাইন-১৬৫২৩